গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেঞ্জ কর্মকর্তার কার্য্যালয়
বহেড়াতলী রেঞ্জ, টাঙ্গাইল বন বিভাগ।

স্মারক নং-২২.০১.০০০০.৬৬১.২৮.০০১.২২ তারিখঃ- ১৮/১১/২০২২

# নোটিশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২৬/১১/২২ ইং তারিখ বেলা ১২.০০ ঘটিকায় জনাব মোঃ শফিউল ইসলাম, উপজেলা ভাইস চেয়ারম্যান,সখিপুর উপজেলা এর সভাপতিত্বে তাঁর কার্যালয়ে উপজেলা পরিবেশ ও বন উন্নয়ন বিষয়ক কমিটির জরুরী সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় সম্মানিত সদস্যগণকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য সূচীঃ-

১। গত সভার কার্য্যবিবরনী দৃঢ়ীকরন।
২। সখিপুর উপজেলার সংরক্ষিত বনাঞ্চালে অবৈধভাবে গাছ কর্তন ও জবর দখল প্রতিরোধ।
৩। অবৈধভাবে স্থাপিত করাত কল উচ্ছেদ।
৪। সুফল প্রকল্পের আওতায় বনায়ন।
৫। বিবিধ।

এইচ.এম এরশাদ
রেঞ্জ কর্মকর্তা, বহেড়াতলী রেঞ্জ
ও
সদস্য সচিব, উপজেলা পরিবেশ ও বন উন্নয়ন বিষয়ক কমিটি
সখিপুর, টাঙ্গাইল।

# সখিপুর উপজেলা পরিবেশ ও বন উন্নয়ন বিষয়ক সভার কার্যবিবরনী

সভাপতি : জনাব মোঃ শফিউল ইসলাম ,উপজেলা ভাইস চেয়ারম্যান, সখিপুর।
সভার তারিখ ও সময় : ২৬।১১।২১ ইং তারিখ দুপুর ১২.০০ ঘটিকা।
সভার স্থান : ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ।
সভার উপস্থিতি : পরিশিষ্ট "ক " তে উল্লেখিত।

সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সংশ্লিষ্ট বিষয়ে আলোচনার জন্য উপস্থিত সকলকে আহবান করেন। সভার শুরুতে তিনি আলোচ্যসূচী অনুযায়ী সভায় উপস্থাপন করার জন্য সদস্য সচিবকে আহবান জানান। সদস্য সচিব জনাব এইচ,এম এরশাদ ফরেষ্টার, রেঞ্জ কর্মকর্তা, বহেড়াতলী রেঞ্জ আলোচ্য বিষয়ে সভায় উপস্থাপন করেন।

| ক্রমিক নং | আলোচ্য সূচী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | গত সভার কার্যবিবরনী দৃঢ়ীকরন | উপজেলা পরিবেশ ও বন উন্নয়ন বিষয়ক কমিটির গত সভার কার্যবিবরনী পাঠ করে শুনানো হয়। | কোন আপত্তি বা সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরন করা হয়। | -- |
| ০২ | জবরদখল, মাটিকাটা ও গাছকাটা : | সদস্য সচিব সভাকে জানান যে, সখিপুর উপজেলা সরকারী সংরক্ষিত বনভূমি হতে কোন মাটি কাটা হচেছ কিনা তা আমার জানা নেই।তবে খোঁজখবর নিয়া যদি সংরক্ষিত বনভূমিতে কোন মাটিকাটা হয় তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে । এ বিষয়ে সখিপুর উপজেলার উপস্থিত সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের কাছে জানতে চাওয়া হলে তারা জানান যে,মাটিকাটা বিষয়টি তাদের দৃষ্টি গোচর হয়নি এবং এবিষয়ে তাদের নিকট কোন সু-নিদিষ্টভাবে কেউ কোন অভিযোগ করেনি। এবিষয়ে অভিযোগ আসলে বা দৃষ্টিগোচর হলে সংশ্লিষ্ট দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহন করা হবে। গাছ কাটার বিষয়ে সদস্য সচিব জানান যে,অবৈধভাবে কোন গাছ কাটা হচেছ না। যে গাছগুলি কাটা হচেছ তা সামাজিক বনায়নের গাছ সরকারী ভাবে টেন্ডারের মাধ্যমে বিক্রয় করত; আইনগত ভাবে কর্তন করা হচেছ। | আলোচ্য বিষয় সভায় ব্যাপক আলোচনার পর সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, অবৈধভাবে যাতে কেউ সরকারী বনভূমি জবর-দখল ও সরকারী বনভূমি হইতে মাটি ও গাছ কাটতে না পারে সে বিষয়ে সর্তক দৃষ্টি রাখার জন্য রেঞ্জ কর্মকর্তা, বহেড়াতলী রেঞ্জ ও হতেয়া রেঞ্জকে জানানো হয়। | বন বিভাগ ও সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান। |
| ০৩ | অবৈধভাবে স্থাপিত/পরিচালিত করাত কল সমূহ উচ্ছেদ: | সদস্য সচিব সভাকে জানান যে সখিপুর উপজেলা সরকারী বনাঞ্চল অধ্যুষিত এলাকা। করাতকল বিধিমালা-২০১২ অনুযায়ী সরকারি বনভূমি হতে ১০ কিঃমিঃ দূরুত্বের মধ্যে করাত কল স্থাপন/পরিচালনা করা পৌর এলাকা ব্যতিত) সম্পূর্নভাবে নিষিদ্ধ। তা সত্বেও সরকারি বিধি বিধান লংঘন করে সখিপুর উপজেলাধীন বহেড়াতলী, হতেয়া ও বাশঁতৈল রেঞ্জ এলাকায় দীর্ঘদিন যাবত সরকারি বনভূমি হতে ১০ কিঃ মিঃ এর মধ্যে প্রায় শতাধিক করাত-কল স্থাপিত/পরিচালিত হয়ে আসছে। মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং ৫১৬১ অব ২০১১ এর গত০৫/০৭/২০১৬ খ্রি: তারিখে প্রদত্ত আদেশে টাঙ্গাইল জেলার সখিপুর উপজেলার বনাঞ্চাল রক্ষায় অবৈধভাবে স্থাপিত করাত কল সমূহ উচ্ছেদ পূর্বক অগ্রগতির প্রতিবেদন মাসিক ভিত্তিতে দাখিল করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। এতদপ্রেক্ষিতে ইতোপূর্বে বন বিভাগ ও পুলিশ প্রশাসন যৌথভাবে অভিযান পরিচালনা করে করাত কল উচ্ছেদ করেন। | মহামান্য হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং-৫১৬১অব ২০১১এর গত ০৫/০৭/২০১৬ খ্রি: তারিখের আদেশ সমুন্নত রেখে জরুরী ভিত্তিতে অবৈধভাবে স্থাপিত/পরিচালিত করাত কলগুলির বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহনসহ ভবিষ্যতে যাতে নতুনভাবে কোন অবৈধ করাত কল স্থাপিত হতে না পারে সেদিকে সর্তক দৃষ্টি রাখার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | বন বিভাগ |
| ০৪ | সুফল প্রকল্পের আওতায় বনায়ন | সদস্য সচিব সভাকে জানান যে সখিপুর উপজেলা সরকারী প্রাকৃতিক শাল-গজারী বনাঞ্চলে দেশীয় প্রজাতীর ও বিলুপ্তপ্রায় প্রজাতীর চারা দিয়ে সুফল প্রকল্পের আওতায় বহেড়াতলী, হতেয়া ও বাশঁতৈল রেঞ্জ এলাকায় ৫০০.০ হেক্টর বনায়ন করা হয়েছে। বনায়ন রক্ষায় সকলের সার্বিক সহযোগিতা প্রয়োজন। | বনায়ন রক্ষার ক্ষেত্রে সকলে সহযোগিতা করবেন মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | বন বিভাগ |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

মোঃ শফিউল ইসলাম
উপজেলা ভাইস চেয়ারম্যান, সখিপুর উপজেলা
ও
সভাপতি, উপজেলা পরিবেশ ও বন বিষয়ক কমিটি ,সখিপুর, টাঙ্গাইল।

স্মারক নং-২২.০১.০০০০.৬৬১.২৮.০০১. তারিখঃ- ২৬।১১।২১

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হইল।

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সখিপুর, টাঙ্গাইল।
২। উপজেলা নির্বাহী অফিসার, সখিপুর,টাঙ্গাইল।
৩। জনাব ---------------------------------------
৪। অফিস কপি।

এইচ,এম এরশাদ
রেঞ্জ কর্মকর্তা, বহেড়াতলী রেঞ্জ
ও
সদস্য সচিব, উপজেলা পরিবেশ ও বন বিষয়ক কমিটি, সখিপুর,টাঙ্গাইল।